গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা- ০৪
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭




স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০৪৬.২৭.১০৭.২৩-২৯৪ তারিখ: ১৬/০৮/২০২৬ খ্রি.

**প্রজ্ঞাপন**

যেহেতু, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন অফিস সহায়ক জনাব সুনাম বর্ধন চৌধুরীকে কারিগরি শিক্ষা অধিদপ্তরের গত ০৬/১০/২০০৮ তারিখের সংস্থাপন(৩)/বদলী/৪র্থ/০৭/২০০২/পার্ট-১/৬০৬(১১) নং স্মারক মোতাবেক টাঙ্গাইল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে বদলি করা হয়। বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের ১৫/১০/২০০৮ খ্রি. তারিখের সংস্থাপন/ ৫১০ (ক) নং স্মারক মোতাবেক ছাড়পত্র প্রদান করা হয়। ছাড়পত্র গ্রহণ করে তিনি বদলিকৃত কর্মস্থল অর্থাৎ টাঙ্গাইল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে অদ্যাবধি যোগদান করেন নি। দীর্ঘদিন যাবৎ অনুপস্থিতির বিষয়টি তদন্তের জন্য ২৩/০৭/২০২৩ খ্রি. তারিখের ৫৭.০৩.০০০০.০৪৬.২৭.১০৭.২৩-৪৪৮ নং স্মারকে ড. রেজা হাসান মাহমুদ, সহকারী পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২৭/০৯/২০২৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। বিনা অনুমতিতে অনুপস্থিতির বিষয়টি সন্দেহাতিতভাবে প্রমাণিত হয় মর্মে তদন্ত কর্মকর্তা প্রতিবেদনে উল্লেখ করেন। তার এই অনুপস্থিতির সময়কাল ০৫ (পাঁচ) বছরের অধিক (১৬/১০/২০০৮ তারিখ হতে ২৭/০৯/২০২৩ তারিখ পর্যন্ত);

যেহেতু, বিএসআর পার্ট-১ এর রুলস-৩৪(১) নং অনুসারে "কোন কর্মচারী একাধিক্রমে পাঁচ বৎসর কর্ম হতে অনুপস্থিত থাকার পর সে চাকরি হারাইবে। এই পাঁচ বৎসর সময়ের মধ্যে অনুমোদিত ছুটি থাকিলেও সে চাকরি হারাইবে। প্রথম অনুপস্থিতির তারিখ হইতে পাঁচ বছর অতিবাহিত হওয়ার পরের দিন চাকরির অবসান হইবে। পাঁচ বৎসর পূর্ণ হওয়ার পূর্বে অথবা পূর্ণ হওয়ার দিনেও যদি কর্মে যোগদান করে, তাহা হইলেও এই বিধি প্রযোজ্য হইবে না" মর্মে উল্লেখ আছে; এবং

সেহেতু, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন অফিস সহায়ক (টাঙ্গাইল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে বদলির আদেশাধীন) জনাব সুনাম বর্ধন চৌধুরী ১৬/১০/২০০৮ খ্রি. তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিত থাকায় এবং ১৫/১০/২০১৩ খ্রি. তারিখে তার অনুপস্থিতি ৫ বছর পূর্ণ হওয়ায় বিএসআর পার্ট-১ এর বিধি-৩৪ নং মোতাবেক ১৬/১০/২০১৩ খ্রি. তারিখ হতে তার চাকুরির চাকুরির অবসান ঘটিবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৩.৮.২৬
আবুল খায়ের মোঃ আক্কাস আলী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০৪৬.২৭.১০৭.২৩-২৯৪ তারিখ: ১৬/০৮/২০২৬ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. পরিচালক (প্রশাসন/ পিআইইউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
২. অধ্যক্ষ, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি।
৩. ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস, ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস এর কার্যালয়,.....................।
৪. ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়,..........।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্টদের ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।
৬. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৭. জনাব সুনাম বর্ধন চৌধুরী, প্রাক্তন অফিস সহায়ক, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট (টাঙ্গাইল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে বদলির আদেশাধীন), [স্থায়ী ঠিকানা: গ্রাম-উনাইনপুরা, ডাকঘর-মৌলভীহাট, উপজেলা-পটিয়া, জেলা- চট্টগ্রাম]
৮. সংরক্ষণ নথি।

১৩/০৮/২৬
(মোঃ হুমায়ুন কবির)
সহকারী পরিচালক-০৪